

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
(শৃঙ্খলা ও তদন্ত উপশাখা)
১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি,
বিজয় নগর, ঢাকা-১০০০।
www.dife.gov.bd

নং-৪০.০১.০০০০.০০০.১০১.২৭.০০০৩.১৭-১৩৯৮

তারিখঃ ২৬ চৈত্র ১৪৩২
০৯ এপ্রিল ২০২৬

আদেশ

যেহেতু, জনাব গোলাম খাজা মোহাম্মদ মঈন উদ্দিন আহমেদ, শ্রম পরিদর্শক (সাধারণ), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরাধীন উপমহাপরিদর্শকের কার্যালয়, রাজামাটি (পূর্বতন কর্মস্থল: উপমহাপরিদর্শকের কার্যালয়, কুমিল্লা)-এ কর্মরত রয়েছেন। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরাধীন উপমহাপরিদর্শকের কার্যালয়, কুমিল্লায় কর্মরত থাকাকালীন তার বিরুদ্ধে আনীত “অফিস সহায়ক জনাব মোঃ ইউনুছ বেপারীকে পরিদর্শনে সাথে নিয়ে যাওয়া এবং আব্দুল মালেক এন্ড সন্স (ফিলিং স্টেশন) প্রতিষ্ঠান কর্তৃপক্ষের কাছ থেকে মোঃ ইউনুছ বেপারীর উৎকোচ দাবি ও তা গ্রহণ” বিষয়ক অভিযোগের প্রেক্ষিতে গঠিত তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুসারে- অভিযোগকারী প্রতিষ্ঠান আব্দুল মালেক এন্ড সন্স (ফিলিং স্টেশন) এর কর্তৃপক্ষের নিকট তার উপস্থিতিতে জনাব মোঃ ইউনুছ বেপারী উৎকোচ দাবী করেন ও তা গ্রহণ করেন। উল্লেখ্য, কারখানায় যৌথ পরিদর্শনের বাধ্যবাধকতা থাকলেও তিনি টিম-মেট ছাড়া আব্দুল মালেক এন্ড সন্স (ফিলিং স্টেশন)-এ পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করেন। এছাড়া, তিনি আব্দুল ওহাব হোটেল এন্ড রেস্টুরেন্ট নামক প্রতিষ্ঠানটি তার অধিক্ষেত্রের বাইরে হওয়া সত্ত্বেও ১৬-০৮-২০২৫ খ্রি. তারিখ রোজ শনিবার রাত প্রায় ৯ ঘটিকার সময় অফিস সহায়ক জনাব মোঃ ইউনুছ বেপারীকে সাথে নিয়ে বর্ণিত প্রতিষ্ঠানটিতে শিশুশ্রম বিষয়ক পরিদর্শন কার্যক্রম পরিচালনা করেন; এবং

যেহেতু, তার এহেন অসঙ্গত আচরণ চাকুরী শৃঙ্খলার পরিপন্থী এবং একজন সরকারি কর্মচারীর পক্ষে শিষ্টাচার বহির্ভূত আচরণ; যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধিমাতে “অসদাচরণ” ও “দুনীতি পরায়নতা” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ বিধায় ১৩-১০-২০২৫ খ্রি. তারিখের ৪০.০১.০০০০.০০০.১০১.২৭.০০০৩.১৭-১০২৯ নম্বর স্মারক-মূলে অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-০৫/২০২৫ রুজুপূর্বক তার বর্তমান ঠিকানা ও স্থায়ী ঠিকানা বরাবর অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়; এবং

যেহেতু, গত ২২-১০-২০২৫ খ্রি. তারিখে তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন। তৎপ্রেক্ষিতে, ০৫-১১-২০২৫ খ্রি. তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) মোতাবেক অভিযোগ তদন্তের জন্য কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, চট্টগ্রাম-এ কর্মরত সহকারী মহাপরিদর্শক (সাধারণ) জনাব কুসুম আকতার সোমা-কে তদন্তকারী কর্মকর্তা হিসেবে নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধিমাতে “অসদাচরণ” ও “দুনীতি পরায়নতা” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়; এবং

সেহেতু, অভিযুক্ত কর্মচারী জনাব গোলাম খাজা মোহাম্মদ মঈন উদ্দিন আহমেদ, শ্রম পরিদর্শক (সাধারণ)-এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(খ) মোতাবেক লঘুদণ্ড হিসেবে “০১ (এক) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত” এর দণ্ড প্রদান করা হলো।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



(ওমর মোঃ ইমরুল মহসিন)
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)
+৮৮-০২-২২৬৬৬৪২০২ (ফোন)
+৮৮-০২-২২৬৬৬৪২০৩ (ফ্যাক্স)
ig@dife.gov.bd

নং-৪০.০১.০০০০.০০০.১০১.২৭.০০০৩.১৭- ২৬ ৯৫/১ (২২)

তারিখঃ ২৬ চৈত্র ১৪৩২
০৯ এপ্রিল ২০২৬

বিতরণ: জ্ঞাতার্থে/কার্যার্থে-

- ১। অতিরিক্ত মহাপরিদর্শক (যুগ্ম সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ২। যুগ্মমহাপরিদর্শক, প্রশাসন অধিশাখা; কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ৩। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, রাজশামাটি;
- ৪। উপমহাপরিদর্শক, উপমহাপরিদর্শকের কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, রাজশামাটি;
- ৫। উপমহাপরিদর্শক, উপমহাপরিদর্শকের কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, কুমিল্লা;
- ৬। উপমহাপরিদর্শক, মানব সম্পদ উন্নয়ন শাখা; কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ৭। উপমহাপরিদর্শক, প্রশাসন শাখা; কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ৮। ডোসিয়ার সংরক্ষণকারী কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ৯। জনাব গোলাম খাজা মোহাম্মদ মঈন উদ্দিন আহমেদ, শ্রম পরিদর্শক (সাধারণ), উপমহাপরিদর্শকের কার্যালয়, রাজশামাটি;
- ১০। জনাব গোলাম খাজা মোহাম্মদ মঈন উদ্দিন আহমেদ, শ্রম পরিদর্শক (সাধারণ)-এর ব্যক্তিগত নথি;
- ১১। শ্রম পরিদর্শক (স্বাস্থ্য), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ); এবং
- ১২। অফিস কপি/গার্ড ফাইল।



(ওমর মোঃ ইমরুল মহসিন)
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)